গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
মাঠ প্রশাসন শাখা

# জানুয়ারি, ২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ শহিদুল ইসলাম<br>বিভাগীয় কমিশনার (দায়িত্বপ্রাপ্ত) |
| সভার তারিখ | ৩০ জানুয়ারি, ২০২৩ খ্রি. |
| সভার সময় | দুপুর: ১৩.১৫ টা |
| স্থান | সার্কিট হাউজ, খুলনার সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ক-সদয় দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভার প্রারম্ভে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), খুলনা আলোচ্যসূচি অনুসারে তথ্যাদি সভায় উপস্থাপন করেন এবং ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ।

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। | গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ:<br>সভায় গত ২৬ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভার কার্যবিবরণী পঠিত হয়। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত বিষয়সমূহে কোন সংযোজন/সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। | ২৬ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০২। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা:<br>মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মাঠ প্রশাসনের সকল পর্যায়ে পৌঁছে দেওয়াসহ তা বাস্তবায়নের জন্য এ কার্যালয় হতে সকল জেলা প্রশাসককে নির্দেশনা প্রদান করা হয়েছে। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মাঠ প্রশাসনের সকল পর্যায়ে পৌঁছে দিতে হবে এবং তা বাস্তবায়ন করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ০৩। | গণশুনানি:<br>সভায় করোনা ভাইরাস সংক্রমণ এড়ানোর লক্ষ্যে সামাজিক দূরত্ব বজায় রেখে গণশুনানি কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক সপ্তাহের একটি পূর্ব নির্ধারিত দিনে স্থানীয় জনগণের অভিযোগ শ্রবণ এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) আইনানুগ পদ্ধতি অনুসরণে প্রাপ্ত লিখিত অভিযোগ অনুসন্ধান এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) মাঠ পর্যায়ে গণশুনানি কার্যক্রম নিয়মিতভাবে পরিবীক্ষণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৪। | মাসিক রিপোর্ট/প্রতিবেদন প্রেরণ:<br>মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়ের এবং এ কার্যালয়ের চাহিত বিভিন্ন মাসিক রিপোর্ট/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (১) যথাসময়ে রিপোর্ট/প্রতিবেদন প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৫। | সভায় এপিএ (APA), এনআইএস (NIS), জিআরএস (GRS) এবং Citizen Charter বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। | (১) মাঠ পর্যায়ে সকল স্তরে সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে এপিএ (APA), এনআইএস (NIS), জিআরএস (GRS) এবং Citizen Charter বাস্তবায়ন করতে হবে।<br>(২) স্কুল, কলেজে ছাত্র-ছাত্রীদের সাথে সততা ও নৈতিকতা বিষয়ে আলোচনা করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৬। | মন্ত্রিপরিষদ বিভাগের সকল মাসিক রিপোর্ট Report Management System (report.gov.bd) এ প্রেরণ। | (ক) মন্ত্রিপরিষদ বিভাগে মাঠ প্রশাসনের সকল মাসিক রিপোর্ট Report Management System (report.gov.bd) এ প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ০৭। | দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং বাজার মনিটরিং:<br>নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির পর্যাপ্ত সরবরাহ, মূল্য স্থিতিশীল এবং বিক্রয় নিশ্চিতকরণে বাজার মনিটরিং জোরদার করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। জেলা/উপজেলা পর্যায়ে ধান/চাল মজুদ বিষয়ে বাজার মনিটরিং করা, জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত এ সংক্রান্ত কমিটির সভায় নিয়মিত আলোচনা করতে হবে। অসাধু ব্যবসায়ীগণ যাতে কৃত্রিম সংকট সৃষ্টির মাধ্যমে বাজার অস্থিতিশীল করতে না পারে সেদিকে বিশেষভাবে মনিটর করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করার জন্য জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়।<br>বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে টিসিবি এর মাধ্যমে নিত্যপণ্য বিতরণের বিষয়ে আলোচনা করা হয়। | (১) জেলা/উপজেলা পর্যায়ে ধান/চাল মজুদ বিষয়ে মনিটরিং, জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত এ সংক্রান্ত কমিটির সভায় নিয়মিত আলোচনা করতে হবে।<br>(২) ভ্রাম্যমাণ আদালত পরিচালনার মাধ্যমে অবৈধভাবে ধান/চাল/ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি মজুদদারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রকৃত উপকারভোগীদের নিকট ন্যায্যমূল্যে টিসিবি'র মাধ্যমে পণ্য বিতরণ মনিটরিং করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৮। | অনাবাদি জমি চাষাবাদের আওতায় আনয়ন এবং চলতি আমন মৌসুমের ধান/চাল সংগ্রহ সংক্রান্ত:<br>অনাবাদি জমি চাষাবাদের আওতায় আনার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এক্ষেত্রে ব্যক্তি-মালিকানা জমির পাশাপাশি সরকারি বিভিন্ন সংস্থার অনাবাদি জমি খাদ্যশস্য/ফল চাষাবাদের আওতায় আনার উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | (১) অনাবাদি জমি চাষাবাদের আওতায় আনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) চলতি আমন মৌসুমে ধান/চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৯। | তথ্য বাতায়ন হালনাগাদকরণ:<br>জেলা ও উপজেলা পর্যায়ের সকল অফিসের তথ্য বাতায়ন হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক জেলা ও উপজেলা পর্যায়ের সকল অফিসের তথ্য বাতায়ন হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ১০। | বিদ্যুৎ সংকট পরিস্থিতি ও জ্বালানি ব্যবহার সংক্রান্ত:<br>মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক বিদ্যুৎ ও জ্বালানী ব্যবহারে মিতব্যয়ী হতে মাঠ প্রশাসনে নির্দেশনা প্রদান করা ও মোবাইল কোর্ট তৎপরতা অব্যাহত রাখতে সভায় আলোচনা করা হয় এবং উক্ত নির্দেশনা মেনে চলতে জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়। | (১) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক বিদ্যুৎ ও জ্বালানী ব্যবহারে মিতব্যয়ী হতে হবে এবং এ বিষয়ে সরকারি নির্দেশনা যথাযথ প্রতিপালন করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ১১। | কোভিড-১৯ পরিস্থিতি, মাস্ক পরিধান ও বুস্টার ডোজ টিকা প্রদান কার্যক্রম পর্যালোচনা:<br>সভায় কোভিড-১৯ পরিস্থিতি ও বুস্টার ডোজ টিকা প্রদান কার্যক্রম বিষয়ে আলোচনা করা হয়। মাস্ক ব্যবহার সংক্রান্ত নির্দেশনা প্রতিপালন নিশ্চিতকরণসহ জনগণকে উদ্বুদ্ধ করার বিষয়ে আলোচনা করা হয়। কোভিড-১৯ সংক্রমণ রোধে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক যে ০৬ (ছয়)টি নির্দেশনা সম্বলিত পরিপত্র দেওয়া হয়েছে সে বিষয়ে সভায় আলোচনা করা হয়। সকল ধরনের সেবা গ্রহণের সময় মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলতে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম জোরদারের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | (১) কোভিড-১৯ সংক্রমণ রোধে সরকারি নির্দেশনা অনুযায়ী মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম জোরদার করতে হবে।<br>(২) কোভিড-১৯ টিকা প্রদানের জন্য সকলকে বুস্টার ডোজ টিকা প্রদান কার্যক্রম আরও ত্বরান্বিত করতে হবে।<br>(৩) কোভিড-১৯ সংক্রমণ রোধে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক যে ০৬ (ছয়)টি নির্দেশনা সম্বলিত পরিপত্র দেওয়া হয়েছে তা অব্যাহত রাখতে হবে।<br>(৪) জেলা তথ্য অফিসের মাধ্যমে ব্যাপক প্রচার ও জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>(৫) মসজিদের ইমামগণ নামাজের পূর্বে/পরে করোনা ভাইরাস প্রতিরোধে সরকারি নির্দেশনা প্রচারের ধারা অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

অত:পর সভা শেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ শহিদুল ইসলাম
বিভাগীয় কমিশনার (দায়িত্বপ্রাপ্ত)

স্মারক নম্বর: ০৫.৪৪.০০০০.০০৬.৫২.০০১.২০.৩২

তারিখ: ১৮ মাঘ ১৪২৯
০১ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪) মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা

৫) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন), খুলনা

৬) পরিচালক (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা

৭) জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর

৮) কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

৯) সিনিয়র সহকারী কমিশনার, এপিএ সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা

১০) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা

১১) প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা

মোঃ শহিদুল ইসলাম
বিভাগীয় কমিশনার (দায়িত্বপ্রাপ্ত)